

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
(স্বাস্থ্য বিভাগ)
সিভিল সার্জনের কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- সিএস/রাঙ্গা/সংস্থা-৩/নিয়োগ/২০১৮-১৯/ ৫০৬ (৪৫)

তারিখ : ২/০৪/২০১৯ইং।


নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত স্বাস্থ্য বিভাগের আওতাধীন রাঙ্গামাটি পার্বত্য জেলার বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত শূন্য পদে লোক নিয়োগের নিমিত্তে রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	ফার্মাসিষ্ট গ্রেড-১১	১২টি	কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে মেডিকেল টেকনোলজিষ্ট (ফার্মেসী)তে ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত
২	মেডিকেল টেকনোলজিষ্ট (ডেন্টাল) গ্রেড-১১	০১টি	কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে মেডিকেল টেকনোলজিষ্ট (ডেন্টাল) এ ডিপ্লোমা ডিগ্রী প্রাপ্ত।
৩	ষাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৪	০১টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; (গ) কম্পিউটার কম্পোজে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দ; (ঘ) শর্ট হ্যান্ডের গতি প্রতি মিনিটে ইংরেজি ৭০ শব্দ এবং বাংলা ৪৫ শব্দ।
৪	পরিসংখ্যানবিদ গ্রেড-১৪	০২টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার চালনার দক্ষতা থাকতে হবে।
৫	ভান্ডার রক্ষক গ্রেড-১৬	০৭টি	(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) স্টোর কীপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে।
৬	স্বাস্থ্য সহকারী গ্রেড-১৬	নানিয়ারচর-৫টি, কাপ্তাই-৩টি, বিলাইছড়ি-২ রাজস্থলী-১, বাঘাইছড়ি-১৪, বরকল-২, জুরাছড়ি-২, লংগদু-৫ = মোট ৩৪টি	এইচ,এস,সি পাশ। রাঙ্গামাটি সদর ও কাউখালী উপজেলা ব্যতিত ৮টি উপজেলার বাসিন্দা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৭	গাড়ী চালক গ্রেড-১৬	২টি	৮ম শ্রেণী পাশ এবং ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স হতে হবে।

শর্তাবলীঃ

- ১। নিয়োগের ক্ষেত্রে সরকারী এবং পার্বত্য এলাকার জন্য প্রযোজ্য সকল প্রকার বিধিবিধান প্রতিপালিত হবে।
- ২। আগামী ৩০/০৪/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন চেয়ারম্যান, রাজামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবরে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পর ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ৩। রাজামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd হতে 'আবেদন ফরম' ডাউনলোড করা যাবে।
- ৪। আবেদনের সাথে "চেয়ারম্যান, রাজামাটি পার্বত্য জেলা পরিষদ" এর অনুকূলে সরকার অনুমোদিত যে কোন ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরীক্ষার ফি বাবদ(অফেরতযোগ্য) জমা দিতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণ করা হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ছাড়া অন্য কোন কাগজপত্র জমা প্রদানের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত হলে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজ পত্রাদি সংগে আনতে হবেঃ
 - (ক) মূল ইন্টারভিউ কার্ড, (খ) শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার সকল সনদপত্রের মূল কপি, (গ) রাজামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্র (সার্কেল চীফ/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত), (ঘ) ১ম শ্রেণির গেজিটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- ৬। সরকারি চাকুরিতে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ৭। "স্বাস্থ্য সহকারী" পদে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত উপজেলারসমূহের জন্য সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দাদের মধ্য হতে নিয়োগ প্রদান করা হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। অসম্পূর্ণ এবং ত্রুটিযুক্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। কর্তৃপক্ষের বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীর বর্তমান ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে।
- ১১। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। "স্বাস্থ্য সহকারী" পদের প্রার্থীদের ক্ষেত্রে উপজেলার নামও উল্লেখ করতে হবে।
- ১২। নিয়োগ বিজ্ঞপ্তি রাজামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd-তে পাওয়া যাবে।
- ১৩। প্রয়োজনবাধে নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে কোন তথ্য জানার জন্য সিভিল সার্জন, রাজামাটি পার্বত্য জেলার কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।


(বৃষ কেতু চাকমা)
চেয়ারম্যান
রাজামাটি পার্বত্য জেলা পরিষদ